

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং-৮০.১০২.০১১.০০.০০.০৭.২০১৪(অংশ-২)- ১৯৯

তারিখ : ০৭.১২.২০১৬

বিষয় : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তরের ২য় শ্রেণির ৩ ক্যাটাগরি মুখ্য পরিদর্শক, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার এবং বস্ত্র পরিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা পদে মৌখিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তরের ২য় শ্রেণির যথাক্রমে: মুখ্য পরিদর্শক, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার এবং বস্ত্র পরিদপ্তরের ২য় শ্রেণির প্রশাসনিক কর্মকর্তা পদে লিখিত পরীক্ষায় সাময়িকভাবে যোগ্য প্রার্থীর মৌখিক পরীক্ষা আগামী ২৮.১২.২০১৬ তারিখ সকাল-১০.৩০ ঘটিকায় বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এ অনুষ্ঠিত হবে।

২। উল্লেখ্য, পাট অধিদপ্তরের ২য় শ্রেণির ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার এবং বস্ত্র পরিদপ্তরের ২য় শ্রেণির প্রশাসনিক কর্মকর্তা পদে ২৮.১২.২০১৫ তারিখে জারিকৃত অনলাইনে বিজ্ঞপ্তি অনুযায়ী কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্র, শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ এবং অভিজ্ঞতার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। এছাড়াও চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীলস্বাক্ষরিত মূল ছাড়পত্র এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। এখানে উল্লেখ্য, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার এবং প্রশাসনিক কর্মকর্তা পদে সংশ্লিষ্ট প্রার্থীর জন্য আলাদা কোন সাক্ষাৎকার পত্র সরবরাহ করা হবে না।

৩। শুধুমাত্র মুখ্য পরিদর্শক পদে সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের নামে ডাকযোগে মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হচ্ছে। যদি কোন যোগ্য প্রার্থী যথাসময়ে সাক্ষাৎকারপত্র না পেয়ে থাকেন সে ক্ষেত্রে আগামী ২৭ ডিসেম্বর, ২০১৬ তারিখে পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ (পরিচালক, ইউনিট-২), হতে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। সংশ্লিষ্ট প্রার্থী মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ, আবেদনপত্র ক্রয়ের মূল রশিদ এবং মৌখিক পরীক্ষার প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। এছাড়াও চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীলস্বাক্ষরিত মূল ছাড়পত্র এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৪। উল্লেখ্য, মৌখিক পরীক্ষায় সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের মূল আবেদনপত্র (BPSC ফরম-৩) কমিশনের ওয়েব সাইট হতে ডাউনলোড করে প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত কপিসহ ১ সেট কাগজপত্র সংশ্লিষ্ট বোর্ডে পরীক্ষার দিন জমা দিতে হবে।

[পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)